

যুগান্তর

প্রিন্ট: ২৬ এপ্রিল ২০২৬, ০২:০৫ পিএম

শিক্ষাঙ্গন

ঢাবির সিনেটে পাঁচ এমপিকে মনোনয়ন দিলেন স্পিকার



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৪ এপ্রিল ২০২৬, ০৩:৪৯ পিএম

ঢাকা বিশ্ববিদ্যালয়



যুগান্তর

সংসদ সচিবালয়ের সিনিয়র সহকারী সচিব নিবিড় রঞ্জন তালুকদার স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সিনেট সদস্য হিসেবে পাঁচ জন সংসদ সদস্যকে মনোনয়ন দিলেন জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ।

বৃহস্পতিবার (১৬ এপ্রিল) সংসদ সচিবালয়ের সিনিয়র সহকারী সচিব নিবিড় রঞ্জন তালুকদার স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ ঢাকা বিশ্ববিদ্যালয় আইন, ১৯৭৩ এর আর্টিক্যাল ২০(১) (ই) ধারা অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য হিসেবে পাঁচ জন সংসদ সদস্যকে মনোনয়ন দিয়েছেন।

ছাত্রদলে গুপ্ত ছাত্রলীগ ঢুকে ডুগডুগি বাজাচ্ছে: ব্যারিস্টার ফুয়াদ

গত ১৬ এপ্রিল বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের মানব সম্পদ শাখা-১ থেকে এই আদেশ জারি করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য হিসেবে মনোনয়ন পাওয়া পাঁচ জন সংসদ সদস্য হলেন- ঢাকা-২ আসনের আমানুল্লাহ আমান, নরসিংদী-১ আসনের খায়রুল কবির খোকন, গাজীপুর-৫ আসনের এ কে এম ফজলুল হক মিলন, মুন্সিগঞ্জ-৩ আসনের কামরুজ্জামান এবং সিরাজগঞ্জ-৫ আসনের আমিরুল ইসলাম খান।